بسم الله الرحمن الرحيم

# প্রসপেক্টাস



ইসলামি ও সাধারণ শিক্ষার অনন্য সমন্বয়

## مدرسة تعمير الملة الكامل، طنغي

## তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা

গাজীপুরা, টঙ্গী, গাজীপুর-১৭১২।

# ভূমিকা

بسم الله الرحمن الرحيم

الحمد لله والصلاة والسلام على رسول الله সর্বশ্রেষ্ঠ জাতি মুসলিম উম্মাহ। এ জাতির শিক্ষা, সংস্কৃতি, অর্থনীতি ও রাজনীতির স্বকীয়তা হারিয়েছে অনেক আগেই। ভেঙ্গে চুরমার হয়েছে ঈমানী-আখলাকী বুনিয়াদ। বৃটিশোত্তর ভারতীয় উপমহাদেশ তার জ্বলন্ত স্বাক্ষী। বহুমূখী সঙ্কটে নিপতিত হয় ইসলামের লালনভূমি বাংলাদেশ। ক্রমেই হারাতে থাকে ইসলামী মূল্যবোধ ও ঐতিহ্য। হুমকির মুখে পড়ে মুসলিম উম্মাহর নতুন প্রজন্ম। ষাটের দশক, নুয়ে পড়া সে উম্মাহকে জাগিয়ে তুলতে ও স্থবির দেহে প্রাণ ফিরিয়ে আনতে নতুন করে কদম ফেলে **তা'মীরুল মিল্লাত ট্রাস্ট।** ইসলাম ও সাধারণ শিক্ষার সমন্বয়ে একটি বাস্তবধর্মী শিক্ষা মিশনে তার পথচলা শুরু হয়। অব্যাহত পথ চলার ধারাবাহিকতায় ১৯৯৭ সাল থেকে যুক্ত হয় **তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা, টঙ্গী।**

যুগোপযোগী দক্ষ আলিমে দ্বীন এবং সমাজের সর্বস্তরের জন্য দেশপ্রেমিক, সৎ ও যোগ্য নাগরিক তৈরীর এ মিশনে আত্মনিয়োগ করে বিস্তৃত সবুজ ক্যাম্পাস। পাঠদান শুরু হয় প্রাক-প্রাথমিক থেকে কামিল শ্রেণি পর্যন্ত। দাখিল ও আলিম শ্রেণিতে বিজ্ঞান ও সাধারণ বিভাগ, ফাযিল শ্রেণিতে আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ, আল-হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে অনার্সসহ পাস কোর্স এবং কামিল শ্রেণিতে হাদীস, তাফসীর ও ফিকহ বিভাগ চালু আছে। সফলতার স্বাক্ষর রেখে এগিয়ে চলছে তা'মীরুল মিল্লাত। ক্রমান্বয়ে বড় হতে থাকে কুরআনের ছাত্রদের এ আঙ্গীনা। আগ্রহী ও উদ্বিগ্ন অভিভাবকরা অভাব অনুভব করেন মেয়েদের দ্বীনি শিক্ষার। ২০১২ সাল, অব্যাহত চাহিদার প্রেক্ষিতে প্রতিষ্ঠিত হয় টঙ্গীতে বালিকা ক্যাম্পাস। ক্রমান্বয়ে শিশু থেকে কামিল শ্রেণি পর্যন্ত পাঠ্যক্রমে যুক্ত হয় ছাত্রীরা। শিক্ষার্থীদের মানোন্নয়নে ক্রমান্বয়ে জোরদার হয়েছে ইলমে ক্বিরাআত ও আরবী ভাষা শিক্ষা কার্যক্রম। সময়োগযোগী আলিমে দ্বীন তৈরীর জন্য গ্রহণ করা হয়েছে বিশেষ পদক্ষেপ। নিয়মিত ও সর্বাধিক ক্লাস, মাসিক ও সেমিস্টার পরীক্ষার মাধ্যমে নিবিড় পরিচর্যা এবং সহ-পাঠ কার্যক্রম ছাত্র-ছাত্রীদের মেধা ও প্রতিভা বিকাশে রাখছে কার্যকর ভূমিকা। জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে স্বীকৃতি, মাদরাসা বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সমূহে বহুবার শীর্ষস্থান অর্জন এ প্রতিষ্ঠানকে করেছে গৌরবান্বিত।

আলহামদুলিল্লাহ! সূচনা থেকে আজ- তা'মীরুল মিল্লাত টঙ্গী হাজারো ফুলে-ফলে, পত্র-পল্লবে প্রস্ফুটিত একটি বৃক্ষ; যা ছড়িয়ে পড়েছে পৃথিবীর আনাচে-কানাচে। দেশ-বিদেশে অনুভূত হয় এর সুবাতাস। শিক্ষার্থীরা যোগ্য দায়ী ইলাল্লাহ হওয়ার লক্ষ্যে ছুটে চলছে বিভিন্ন খ্যাতনামা বিশ্ববিদ্যালয়ে, অর্জন করছে দ্বীনের উচ্চতর জ্ঞান। আধুনিক কালের সকল চ্যালেঞ্জ মোকাবিলায় নিজেদের উপস্থিতি জানান দিতে সক্ষম হয়েছে দ্বীনের এ মারকাযের শিক্ষার্থীরা। পেশাগত জীবনে এর শিক্ষার্থীদের সফলতা জাতির মাঝে আশার সঞ্চার করেছে। দীর্ঘ পথ-পরিক্রমায় প্রতিবন্ধকতার সকল দেয়াল মাড়াতে মহান রবের অফুরন্ত রহমত আমাদের একান্ত অবলম্বন। শিক্ষকমণ্ডলীর আন্তরিকতা, স্বপ্নবাজ শিক্ষার্থীদের দৃঢ় প্রত্যয় ও পরিশ্রম, অভিভাবকদের দু'আ ও দেশে-বিদেশে সুধীদের ভালোবাসা চলার পথের পাথেয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা-প্রশাসনের সকল বিভাগের আন্তরিক সহযোগিতা, সর্বোপরি আল্লাহর রহমত আমাদের পথচলাকে করেছে মসৃণ ও সুদৃঢ়।

এযাবতকালে দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব রক্ষা ও ইসলামবিরোধী সকল অপচেষ্টা রুখে দিতে গ্রেপ্তার, হামলা-মামলাসহ পঙ্গুত্ব বরণ করেন তা'মীরুল মিল্লাত পরিবারের অসংখ্য ছাত্র-শিক্ষক। সর্বশেষ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শাহাদাৎ বরণ করেন পাঁচজন প্রতিভাবান মেধাবী শিক্ষার্থী যথাক্রমে - শহীদ হাফেজ নাসির ইসলাম, শহীদ শাকিল পারভেজ, শহীদ ওসমান গণি পাটোয়ারী, শহীদ সাইয়েদ মুনতাসির রহমান আলিফ ও শহীদ আদিল। এভাবে সকল অন্যায় ও জুলুমের বিরুদ্ধে তা'মীরুল মিল্লাত পরিবার প্রতিশ্রুতিবদ্ধ এক বলিষ্ঠ কণ্ঠস্বর।

অভিষ্ট লক্ষ্যের তুলনায় আমাদের মনজিল বহুদূর। অবিরত পথচলায় পরিবর্তনমুখী এ পদক্ষেপ দীর্ঘ হবে, ইনশাআল্লাহ। প্রত্যাশা করি, সুদূরের সে পথ পাড়ি দিতে সত্য ও সুন্দরের প্রত্যাশী সবাই তা'মীরুল মিল্লাতের সাথে আছেন এবং অনাগত দিনগুলোতেও সদয় থাকবেন। আল্লাহ্ তা'আলা আমাদের সকল সীমাবদ্ধতা মাড়িয়ে সীরাতে মুস্তাকীমের উপর অটল থাকার তাওফীক দিন। আমীন!

অধ্যক্ষ

## প্রতিষ্ঠাকাল

মুসলিম উম্মাহর চরম সঙ্কটকালে ১৯৬৩ সালে তা'মীরুল মিল্লাত ট্রাস্ট তার মিশনারী কার্যক্রম শুরু করে। যুক্ত হয় বাংলাদেশের শিক্ষাঙ্গনে ঐতিহাসিক নাম তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা। ধারবাহিক সফলতায় মুগ্ধ হয় ইসলামী শিক্ষায় আগ্রহী মহল। শিক্ষা মন্ত্রণালয়ের বিশেষ আদেশে ১৯৯৭ সালে টঙ্গীতে তা'মীরুল মিল্লাত তার কার্যক্রম শুরু করে।

## অবস্থান

গাজীপুর সিটি কর্পোরেশনের অন্তর্গত গাজীপুরা এলাকায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পাশেই বিস্তৃত এ ক্যাম্পাস অবস্থিত। মনোরম প্রাকৃতিক পরিবেশে পর্যাপ্ত একাডেমিক ভবন, প্রশাসনিক ভবন, পরীক্ষা ভবনসহ প্রয়োজনীয় অবকাঠামো নিয়ে এক সুবিস্তৃত ক্যাম্পাসের নাম তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা টঙ্গী। সুপরিসর একটি মসজিদ ও পুকুর এ ক্যাম্পাসের অবস্থানকে করেছে আরো মোহনীয়।



নবীন বরণ অনুষ্ঠানে বক্তব্য দিচ্ছেন মাদ্‌রাসার মুহতারাম অধ্যক্ষ মহোদয়।



আলিম ১ম বর্ষ সবক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি মাদ্‌রাসা ও কারিগরি শিক্ষা বিভাগের সম্মানিত সচিব জনাব মুহাম্মাদ রফিকুল ইসলাম।

## লক্ষ্য-উদ্দেশ্য

- কুরআন-সুন্নাহর আলোকে ব্যক্তির দেহ, মন ও আত্মার সমন্বিত বিকাশ সাধনে শিক্ষাদান এবং তাদের সুপ্ত প্রতিভাকে ইসলামী ও মানবিক মূল্যবোধের আলোকে বিকশিত করা।
- শিক্ষার্থীদেরকে মুসলিম উম্মাহর ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির সাথে পরিচিত করে ইসলামী জীবন-দর্শনের জ্ঞানদানের মাধ্যমে দেশের যোগ্য দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে তোলা।

- তা'লীম ও তারবিয়াতের মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে আধ্যাত্মিক চেতনা জাগ্রত করা।
- শিক্ষার্থীদের বৃত্তিমূলক প্রশিক্ষণ ও বৈষয়িক শিক্ষার মাধ্যমে সমাজ ও দেশ পরিচালনায় অংশগ্রহণের উপযোগী করা।
- ইসলামের শ্রেষ্ঠত্ব প্রমাণের উপযোগী আলিমে দ্বীন তথা 'ওয়ারাসাতুল আম্বিয়া' তৈরি করা।
- সর্বোপরি, একটি কল্যাণমুখী জীবনধারায় অভ্যস্ত প্রজন্ম গড়ে তোলা, যাদের জীবনের চূড়ান্ত লক্ষ্য হবে আখিরাতের সফলতা অর্জন।

## প্রতিষ্ঠানের পাঠ্যক্রম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড অনুমোদিত কারিকুলামের আলোকেই মাদ্‌রাসার পাঠ্যক্রম প্রণীত। পাশাপাশি বিশুদ্ধ কুরআন তিলাওয়াত শিখানোর ব্যবস্থাসহ আরবী ও ইংরেজি ভাষায় দক্ষতা তৈরির জন্য বিশেষ ব্যবস্থা রয়েছে। দাখিল ও আলিম শ্রেণিতে বিজ্ঞান ও সাধারণ বিভাগ, ফাযিল শ্রেণিতে তিনটি বিষয়ে অনার্সসহ পাস কোর্স এবং কামিল শ্রেণিতে হাদীস, তাফসীর ও ফিকহ বিভাগ চালু আছে। তাছাড়া ব্যবহারিক জীবনে ইসলামের অনুসরণ ও সাধারণ জ্ঞানে দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পাঠের ব্যবস্থা রয়েছে।



ফ্রী ব্লাড গ্রুপিং




সাইন্স ফেস্ট অনুষ্ঠানে বক্তব্য দিচ্ছেন মুহতারাম উপাধ্যক্ষ মহোদয়।

## সহ-পাঠ্যক্রম কার্যাবলী




বার্ষিক পুস্কার বিতরণী অনুষ্ঠান-২০২৫ এর মঞ্চে বসা মেহমানবৃন্দ।

- বিতর্ক-সভা।
- শরীর চর্চা।
- শিক্ষাসফর।
- দু'আ মাহফিল।
- সাহিত্য আসর।
- সাপ্তাহিক জালসাহ।
- পরীক্ষার্থীদের জন্য বিশেষ ক্লাস।
- বাদ ফজর মাদ্‌রাসা মসজিদে ইলমে ক্বেরাত প্রশিক্ষণ।
- লেখক কর্মশালা।
- নতুন ছাত্রদের জন্য 'ফাউন্ডেশন কোর্স'।
- ক্বিরাত, হামদ, নাত ও বক্তৃতার অনুশীলন।
- সাহিত্য-সাময়িকী, বার্ষিকী ও দেয়ালিকা প্রকাশ।
- ভাষা ও অন্যান্য বিষয়ভিত্তিক ক্লাব এর কার্যক্রম।
- বিদেশে উচ্চ শিক্ষায় উৎসাহ ও সহযোগিতা প্রদান।
- শরীয়াহ সম্মত সাংস্কৃতিক অনুষ্ঠান ও ক্রীড়ানুশীলন।
- বার্ষিক সাংস্কৃতিক দশক বা পক্ষে প্রতিযোগিতামূলক আয়োজন।
- সরকারী-বেসরকারী বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ।
- খতমে বুখারীরসহ মূল কিতাবসমূহ সমাপ্ত করার লক্ষ্যে বিশেষ ক্লাস।
- শিক্ষকদের দক্ষতা ও দায়িত্বশীলতা বৃদ্ধির লক্ষ্যে মাদ্‌রাসার নিজস্ব উদ্যোগে **শিক্ষক প্রশিক্ষণের** ব্যবস্থা।
- আলেম তৈরীর লক্ষ্যে মিল্লাত মাদানী নেসাব এর কার্যক্রম।




গাজায় গণ হত্যার প্রতিবাদে মাদ্‌রাসা শিক্ষক-শিক্ষার্থীদের বিক্ষোভ মিছিল।



মাদ্‌রাসা একাডেমিক ভবন

## শ্রেণি-বিন্যাস

- হিফজ বিভাগে ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণির সমন্বয়।
- প্রাক-প্রাথমিক শ্রেণি হতে দশম শ্রেণি।
- দাখিল স্তরে সাধারণ, ব্যবসায় শিক্ষা ও বিজ্ঞান বিভাগ।
- আলিম স্তরে সাধারণ ও বিজ্ঞান বিভাগ।
- ফাযিল পাস ৩ বছর (নিয়মিত ও প্রাইভেট)।
- অনার্স কোর্স ৪ বছর (নিয়মিত ও প্রাইভেট)।
- কামিল- হাদীস, তাফসীর ও ফিকহ- (২ বছর)।
- প্রত্যেক স্তরে প্রয়োজনীয় সেকশন।

## শাখা প্রতিষ্ঠান ও বিভাগসমূহ

- তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা, (বালক এবং বালিকা ক্যাম্পাস)
- তা'মীরুল মিল্লাত জামে মসজিদ
- তা'মীরুল মিল্লাত হিফজ বিভাগ
- তা'মীরুল মিল্লাত ছাত্রাবাস ও ছাত্রীনিবাস
- তা'মীরুল মিল্লাত গ্রন্থাগার
- তা'মীরুল মিল্লাত ইফতা বিভাগ
- বিজ্ঞানাগার
- কম্পিউটার ল্যাব
- তাখাসসুস বিভাগ
- ক্বিরাআত বিভাগ
- ছাত্র কল্যাণ বিভাগ
- প্রকাশনা ও সাহিত্য-সংস্কৃতি বিভাগ
- ভাষা ইনষ্টিটিউট

## তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা, বালিকা ক্যাম্পাস

মুসলিম মেয়েদের দ্বীনী শিক্ষায় উচ্চ শিক্ষিত করে তোলার অব্যাহত দাবীতে ২০১২ সালে বালিকা ক্যাম্পাস এর কার্যক্রম শুরু হয়। কম সময়েই এর পরিসর বড় হয়ে উঠে। মাদ্‌রাসা ক্যাম্পাসের পাশে পৃথক পরিবেশে তৈরি হয় বালিকা ক্যাম্পাস। এখানেও একই পাঠ্যক্রমের অনুসরণে শিশু থেকে কামিল শ্রেণি পর্যন্ত ক্লাস চালু রয়েছে। দক্ষ ও অভিজ্ঞ শিক্ষিকাদের মাধ্যমে শরীয়তসম্মত পরিবেশে এখানে পাঠদান অব্যাহত আছে।

## তা'মীরুল মিল্লাত জামে মসজিদ

মাদ্‌রাসার আবহ ঘেরা এ জনপদের দীনপ্রেমিক ছাত্র-জনতার মিলনমেলা তা'মীরুল মিল্লাত জামে মসজিদ। জুমআর দিন বিষয়ভিত্তিক ও জীবন ঘনিষ্ঠ খুতবার আকর্ষণে দূর-দূরান্ত থেকে এখানে মানুষ জমায়েত হয়। ঈদের জমাআতে হাজির হন মহিলারাও। মসজিদে নিয়মিত তা'লীমী হাল-কাহ ও ধারাবাহিক তাফসীর চালু আছে।

## তা'মীরুল মিল্লাত হিফজ বিভাগ

দক্ষ হাফিজে কুরআন তৈরির লক্ষ্যে এ বিভাগ কার্যকর ভূমিকা পালন করছে। যোগ্য ও অভিজ্ঞ শিক্ষকের তত্ত্বাবধানে প্রতিবছর এখানে অনেক ছাত্র হিফজুল কুরআন সম্পন্ন করে থাকে।



গাজা বিষয়ক সেমিনারে আলোচনা করছেন মাদ্‌রাসার অধ্যক্ষ মহোদয়।

## তা'মীরুল মিল্লাত ছাত্রাবাস ও ছাত্রীনিবাস

শিক্ষার্থীদের পড়ালেখা ও নৈতিক মান নিশ্চিত করার লক্ষ্যে শুরু থেকে মাদ্‌রাসার নিজস্ব আবাসিক ব্যবস্থা রয়েছে। বর্তমানে দুটি ছাত্রহল ও একটি ছাত্রীহলে প্রায় এক হাজার শিক্ষার্থীর আবাসিক ব্যবস্থা কার্যকর। মেধার ভিত্তিতে অগ্রাধিকার বিবেচনায় মাদ্‌রাসার হলে সিট প্রদান করা হয়। প্রত্যেক হলে ব্লকভিত্তিক দক্ষ ও অভিজ্ঞ শিক্ষকমন্ডলীর নিয়মিত তত্ত্বাবধানে শিক্ষার্থীদের লেখাপড়া ও নৈতিক মানোন্নয়নের ব্যবস্থা রয়েছে। ছাত্রাবাসের নিয়মাবলীর কঠোর অনুশীলনের মধ্য দিয়েই শিক্ষার্থীদের এখানে অবস্থান করতে হয়।


ছাত্রাবাস

## আবাসন প্রক্রিয়া

মাদ্রাসায় ভর্তি হওয়ার পর আগ্রহী শিক্ষার্থীর সাক্ষাৎকার অনুষ্ঠিত হয়। ছাত্রাবাস বা ছাত্রীনিবাসে সিট খালি থাকা সাপেক্ষে হোস্টেল অফিস থেকে আবাসিক ফরম সংগ্রহ করে যথাযথ নিয়মে পূরণ করে দুই কপি ছবিসহ জমা দিতে হয়। একই সাথে নির্দিষ্ট হারে জামানতসহ সিট ভাড়া ও খাবার চার্জ পরিশোধ করে হোস্টেল সিট নিশ্চিত করতে হয়। হোস্টেল অবস্থানের জন্য চৌকি, টেবিল, প্রয়োজনীয় বিছানাপত্র ও গ্লাস, প্লেট, বালতি,মগ ইত্যাদি শিক্ষার্থীর নিজ দায়িত্বে সংগ্রহ করতে হয়।

মাদ্রাসার নিজস্ব ছাত্রাবাসের বাইরে বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রীকে প্রাইভেট বিভিন্ন ছাত্রাবাসে অবস্থান করতে হয়। এসব ক্ষেত্রেও মাদ্রাসার প্রত্যক্ষ ও পরোক্ষ মনিটরিং ব্যবস্থা বিদ্যমান। তবে পড়ালেখার মান ও নৈতিক পরিবেশ দেখে যথাযথ আবাসন নির্বাচনে অভিভাবকদের সরাসরি ভূমিকা পালন করা জরুরি।

## গ্রন্থাগার

বৃহৎ পরিসরে মাদ্রাসায় ৩টি লাইব্রেরী বিদ্যমান। প্রাচীন ও আধুনিক কিতাবাদির বিশাল সংগ্রহ এতে রয়েছে। মূল পাঠ্য কিতাবের পাশাপাশি রয়েছে প্রয়োজনীয় রেফারেন্স গ্রন্থ। শিক্ষার্থীদের সরাসরি অধ্যায়নের সাথে সাথে প্রয়োজনে যথানিয়মে লাইব্রেরি থেকে কিতাব সংগ্রহের ব্যবস্থাও আছে।



## বিজ্ঞানাগার

ছাত্র-ছাত্রীদের পৃথক ক্যাম্পাসে বিষয়ভিত্তিক আলাদা আলাদা ল্যাব বিদ্যমান। প্রয়োজনীয় সকল উপকরণসমৃদ্ধ ল্যাবগুলোতে নিয়মিত শিক্ষার্থীদের ব্যবহারিক ক্লাস করানো হয়। এখানে আবশ্যকীয় ও প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ একটি চলমান প্রক্রিয়া।



## আইসিটি ল্যাব

শিক্ষার্থীদের আইসিটি ও কারিগরি দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে একটি আলাদা কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে।



## তাখাসসুস বিভাগ

বাছাইকৃত শিক্ষার্থীদের ইলমী মান উন্নয়ন করে যোগ্য ও দক্ষ আলিমে দ্বীন তৈরি করার জন্য এ বিভাগটি কাজ করছে। আলিম পর্যায়ের শিক্ষার্থীদের জন্য বিশেষ পরিকল্পনা গ্রহণ করে এ বিভাগের অধীনে অতিরিক্ত ক্লাসের ব্যবস্থা করা হয়েছে। ভবিষ্যতে দাখিল পর্যায়ে এ বিভাগের কাজ সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে।

## ক্বিরাআত বিভাগ

শিক্ষার্থীদের কুরআন তিলাওয়াত বিশুদ্ধকরণ ও আগ্রহী শিক্ষার্থীদের ইলমে কিরাআতে দক্ষতা বৃদ্ধির জন্য এ বিভাগ কাজ করে থাকে। অভিজ্ঞ ক্বারীর তত্ত্বাবধানে এ বিভাগের কাজকে আরো জোরদার করার প্রক্রিয়া চলমান রয়েছে।

## দক্ষ আলিম তৈরীর লক্ষ্যে বিশেষ আয়োজন - ভিশন-২০২৬

- ❖ মিল্লাত মাদানী নেসাব (আরবী) শাখা চালু।
- ❖ আরবী মূল কিতাবসমূহ (মিশকাত, জালালাইন, তিরমিযী, বুখারী) খতমের ব্যবস্থা।
- ❖ ইলমী তারাক্কির জন্য তাকরারের ব্যবস্থা।
- ❖ নাহু-সরফের বিশেষ কোর্স।
- ❖ আরবি ভাষা প্রশিক্ষণ কোর্স।
- ❖ অর্থসহ حفظ القرآن - প্রতিযোগিতা।
- ❖ حفظ الحديث - প্রতিযোগিতা।
- ❖ حفظ المفردات و المصادر - প্রতিযোগিতা।
- ❖ মাসনূন দোয়ার আমলের প্রতি বিশেষ তদারকি।
- ❖ হাতের লিখা সুন্দর করণে বিশেষ প্রশিক্ষণ।

## ছাত্র কল্যাণ বিভাগ

দরিদ্র ও অসহায় শিক্ষার্থীদের মানবিক বিভিন্ন প্রয়োজনে সহায়তার জন্য এ বিভাগ কাজ করে থাকে। শিক্ষা সহায়তা, চিকিৎসা সহায়তাসহ নানাবিধ প্রয়োজনে শিক্ষার্থীদের পাশে থাকার জন্য ছাত্র, শিক্ষক ও সুভানুধ্যায়ীদের অংশগ্রহণে এ বিভাগ সক্রিয় ভূমিকা পালন করে।

## সাহিত্য-সংস্কৃতি বিভাগ

শিক্ষার্থীদের সাহিত্য প্রতিভাকে বিকশিত করার জন্য এ বিভাগ কাজ করে। সাহিত্য আসর, স্বরচিত লেখা পাঠের আসর, লেখক কর্মশালাসহ সাংস্কৃতিক বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে শুদ্ধ সংস্কৃতি ছাত্র-জনতার মাঝে ছড়িয়ে দেয়ার জন্য নানান উদ্যোগ গ্রহণ করা হয়ে থাকে।

## প্রকাশনা বিভাগ

লেখালেখির মাধ্যমে ছাত্রদের সুপ্ত প্রতিভা বিকাশের জন্য এ মাদ্রাসায় রয়েছে প্রকাশনা বিভাগ। এর অধীনে প্রকাশিত ও প্রকাশমান বিভিন্ন উপকরণ হলো -

ক. ত্রৈমাসিক তা'মীরুল মিল্লাত
খ. বার্ষিকী
গ. দাখিল ও আলিম স্মৃতি স্মারক
ঘ. ফাজিল ও কামিল স্মৃতি স্মারক
ঙ. শিক্ষাসফর স্মারক
চ. দেয়ালিকা
ছ. বিষয়ভিত্তিক গ্রন্থ
জ. আরবী ও ইংরেজি সাময়িকী (পরিকল্পনাধীন)

## এক নজরে মাদ্‌রাসার কিছু তথ্য

মাদ্‌রাসার বর্তমান ছাত্র সংখ্যা : ৯,৭৩৪ জন
বালিকা শাখায় বর্তমান ছাত্রী সংখ্যা : ৩,৭৯৭ জন
মাদ্‌রাসার শিক্ষক ও শিক্ষিকা : ১৮২ জন
কর্মকর্তা ও কর্মচারী : ৪৮ জন

ভবন : প্রশাসনিক কাম একাডেমিক ১টি, পৃথক একাডেমিক ভবন ২টি, অডিটোরিয়াম ভবন ১টি, পরীক্ষা ভবন ১টি ও আবাসিক হল ছাত্রদের ২টি, ছাত্রীদের ১টি। আরেকটি বহুতল ভবনের কাজ চলমান। শিক্ষার্থীদের খেলাধুলার জন্য বালক ক্যাম্পাসে খেলার মাঠ ৩টি ও বালিকা ক্যাম্পাসে ১টি খেলার মাঠ রয়েছে।

## পরীক্ষা ও মূল্যায়ন পদ্ধতি

আলিম শ্রেণিতে সেমিষ্টার পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ করা হয়। বছরে ২টি সেমিষ্টার পরীক্ষা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড ও এনসিটিবি কর্তৃক প্রণীত পদ্ধতি অনুসরণ পূর্বক অর্ধ-বাষিক ও বার্ষিক পরীক্ষাসহ মাসিক পরীক্ষা গ্রহণ করা হয়। সাপ্তাহিক আমল আখলাকের নম্বর পরবর্তী পরীক্ষার সাথে যুক্ত হয়, সকল বিষয়ে উত্তীর্ণ হয়েও আমল-আখলাকে উত্তীর্ণ না হলে অকৃতকার্য হিসেবে বিবেচিত হয়। তাছাড়া মেধা যাচাই এর জন্য বার্ষিক পরীক্ষার সাথে অর্ধ-বার্ষিকের নম্বর নির্দিষ্ট হারে সমন্বয় করা হয়। পাবলিক পরীক্ষার শেণিসমূহে নির্বাচনী ও মডেল টেষ্ট অনুষ্ঠিত হয়।

## ভর্তি সংক্রান্ত তথ্য

প্রত্যেক শিক্ষাবর্ষের শুরুতে হিফজুল কুরআন, প্রাক-প্রাথমিক থেকে নবম শ্রেণি এবং বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষাবোর্ড ও ইসলামী আরবী বিশ্ববিদ্যালয়ের অধীনে পাবলিক পরীক্ষা শেষে অন্যান্য ক্লাসে ভর্তি প্রক্রিয়া চালু রয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রণালয় ও মাদ্‌রাসা শিক্ষা অধিদপ্তরের নির্দেশনার আলোকে ভর্তির জন্য লিখিত বা মৌখিক মূল্যায়ণের মাধ্যমে বাছাই করা হয়। প্রাক-প্রাথমিক থেকে নবম শ্রেণির বাছাই প্রক্রিয়া প্রত্যেক শিক্ষাবর্ষের শেষলগ্নে নির্দিষ্ট (মাদ্‌রাসার ওয়েব সাইটে প্রকাশিত) শিডিউলের আলোকে সাক্ষাৎকার অনুষ্ঠিত হয়।

# ভর্তি প্রক্রিয়া

ক. * শিশু থেকে তৃতীয় শ্রেণি পর্যন্ত মৌখিকভাবে মূল্যায়ন করা হবে।
* চতুর্থ থেকে নবম শ্রেণি পর্যন্ত লিখিত পরীক্ষা হবে।
*** চতুর্থ থেকে নবম (সাধারণ ও ব্যবসায় শিক্ষা) মানবন্টন -**
আরবী-১০, ইংরেজী-১০, বাংলা-১০, গণিত-১০, সাধারণ জ্ঞান-৫ এবং মৌখিক-৫, সর্বমোট ৫০ নম্বর।
*** নবম বিজ্ঞান মানবন্টন -**
আরবী-১০, ইংরেজী-১০, গণিত-১০, বিজ্ঞান-১০, বাংলা-৫, এবং মৌখিক-৫, সর্বমোট ৫০ নম্বর। **নবম বিজ্ঞান বিভাগে নতুন ও পুরাতন সকল শিক্ষার্থীর জন্য ভর্তি পরীক্ষা বাধ্যতামূলক।**
**বিঃদ্রঃ-** ভর্তি পরীক্ষায় আরবী, ইংরেজী ও গণিত, প্রত্যেক বিষয়ে নূন্যতম ৩ নম্বর পেতে হবে।

খ. মাদ্‌রাসার www.tmt.edu.bd ওয়েবসাইটে ভর্তির আবেদন ফরম অনলাইনে পূরণ করে ফি পরিশোধ করে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। ভর্তির আবেদন ফরমটির সকল তথ্য শিক্ষার্থীদের জন্ম সনদ ও পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র অনুযায়ী সঠিকভাবে পূরণ করতে হবে। তথ্যগত কোন ভুলের দায় প্রতিষ্ঠান গ্রহণ করবে না।

গ. ভর্তির বাছাই প্রক্রিয়ায় উত্তীর্ণ হওয়ার পর মাদ্‌রাসায় ভর্তি নিশ্চিত করতে হবে।

ঘ. ভর্তির সময় একজন শিক্ষার্থীকে নিজ জন্মসনদ, পিতামাতার এনআইডির কপি, পূর্ববর্তী প্রতিষ্ঠানের ছাড়পত্র ও পাবলিক পরীক্ষার তথ্যাদি (প্রযোজ্য শ্রেণিতে) এবং পাসপোর্ট সাইজের দুই কপি ছবি প্রদান করতে হবে।

ঙ. প্রযোজ্য শেণিসমূহে মাদ্‌রাসার নির্দিষ্ট ছকে অঙ্গীকারনামা জমা দিতে হবে।

চ. নির্দিষ্ট হারে ভর্তি ফি-সহ সকল লেনদেন শিক্ষার্থী ওয়েবসাইট পেমেন্ট ও শিক্ষার্থীর লগইন থেকে পরিশোধ করতে হবে।

## ২০২৬ শিক্ষাবর্ষে ভর্তি ফি ও বেতন কাঠামো

| ক্রঃ | শ্রেণি | নতুন ভর্তি | পুরাতন ভর্তি | মাসিক বেতন |
|---|---|---|---|---|
| ০১ | হিফজ বিভাগ | ৬,৮০০.০০ | ৫,৮০০.০০ | ১,০০০.০০ |
| ০২ | প্রাক-প্রাথমিক হতে নবম (সাধারণ/ব্যবসায়িক শিক্ষা) | ৬,০০০.০০ | ৫,০০০.০০ | ৬০০.০০ |
| ০৩ | নবম (বিজ্ঞান) | ৬,৫০০.০০ | ৫,৫০০.০০ | ৬৫০.০০ |
| ০৪ | দশম (সাধারণ) | ৫,০০০.০০ | | ৬০০.০০ |
| ০৫ | দশম (বিজ্ঞান) | ৫,৫০০.০০ | | ৬৫০.০০ |
| ০৬ | আলিম (সাধারণ) | ৬,৫৫০.০০ | | ৬০০.০০ |
| ০৭ | আলিম (বিজ্ঞান) | ৭,০০০.০০ | | ৬৫০.০০ |

বিঃ দ্রঃ প্রয়োজনে বেতন ও অন্যান্য চার্জ পরিবর্তনশীল।



## তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা

প্রশাসনিক ভবন




## তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা বালিকা ক্যাম্পাস

একাডেমিক ভবন

# তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা

গাজীপুরা, টঙ্গী, গাজীপুর-১৭১২।


আলো আঁধারীতে প্রশাসনিক ভবন


নান্দনিক অডিটরিয়াম ভবন

## মিল্লাত সংগীত

প্রিয় মিল্লাত তুমি চিরজীবি হও,
ছড়াও পৃথিবীতে সত্য বাণী।
তুমি দিয়েছ মোদের এই জ্ঞানের আলো,
করেছো মোদের চির ঋণী।

যুগ যুগ ধরে তোমার দ্বারে,
হাজারো নাবিক এসে করেছে ভীড়।
তুমি দেখিয়েছো পথ সেই পথ হারাদের,
প্রচার করে খোদার বাণী।

সত্য ন্যায়ের প্রতীক তুমি,
তুমি যে মিথ্যার বিভীষিকা।
যেন তোমার আলোয় চির আলোকিত হয়,
শাহজালালের এই পূণ্যভূমি।

কুরআনের আলো ছড়িয়ে দিতে,
জ্বলছো শিখা হয়ে অনির্বাণ।
যেন তোমার মাঝে চির জীবিত থাকে,
আল্লাহু আকবার জয়োধ্বনি।


বৃহৎ একাডেমিক ভবন


একাডেমিক ভবন, বালিকা শাখা


বিস্তৃত পিটি মাঠ


ঐতিহ্যের স্বাক্ষী জামেয়ার পুকুর


পৃথক পরীক্ষা ভবন


তিতুমীর হল

مدرسة تعمير الملة الكامل، طنغي

**Ta'mirul Millat Kamil Madrasah, Tongi**

EIIN-109006

www.tmt.edu.bd